দৈনিক ইত্তেফাক

তারিখ ২৫ FEB 199[illegible]

পৃষ্ঠা ৩ কলাম [illegible]

# 'শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার পরিবেশ ফিরাইয়া আনার জন্য সরকার আন্তরিকভাবে কাজ করিতেছে'

বাসস ।। প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, দেশের শিক্ষা প্রতিষ্ঠানগুলিতে শিক্ষার পরিবেশ ফিরাইয়া আনার জন্য তাহার সরকার আন্তরিকভাবে কাজ করিতেছে। গত সোমবার রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলার অধ্যাপক আবদুল খালেকের নেতৃত্বে শিক্ষকদের ১৪ সদস্যের একটি প্রতিনিধি দলের সহিত আলোচনাকালে প্রধানমন্ত্রী বলেন, শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার পরিবেশ ফিরাইয়া আনার ক্ষেত্রে দলীয়

( ৯ম পৃঃ দ্রঃ )

## শিক্ষা প্রতিষ্ঠানে

( ৩য় পৃঃ পর )

বিষয় বা মতামত বিবেচনায় আনা হইবে না। প্রতিনিধি দলের বিভিন্ন দাবী দাওয়া প্রসঙ্গে প্রধানমন্ত্রী বলেন, সরকার দাবীগুলি বিবেচনা করিয়া দেখিবেন। তাহার সরকার ফাঁকাবুলী আর মিথ্যা প্রতিশ্রুতিতে বিশ্বাসী নয়। রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ছাত্রদের শহর হইতে ক্যাম্পাসে আনা-নেওয়ার জন্য বিআরটিসির দুইটি দোতালা বাস সার্ভিসের ব্যবস্থা করা হইবে। সাক্ষাতকারের সময় শিক্ষা সচিব কাজী রকিব উদ্দিন উপস্থিত ছিলেন।